# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ৩৭. পাপের জন্য রক্তপাত না তাওবা ও নেক কর্ম?

উপরে যিহিস্কেল ১৮/১৯-২৩-এর উদ্ধৃতিতে আমরা দেখছি যে, পাপীর পাপমোচনের জন্য তার পাপ পরিত্যাগ ও তাওবাই যথেষ্ট, এতে তার পূর্বের পাপ ক্ষমা হবে। প্রভু মৃত্যু নয় জীবন চান: ‘‘কিন্তু একজন দুষ্ট লোক তার সব গুনাহ থেকে ফিরে আমার সব নিয়ম-কানুন পালন করে আর ন্যায় ও ঠিক কাজ করে তবে সে নিশ্চয়ই বাঁচবে, মরবে না। সে যেসব অন্যায় করেছে তা আমি আর মনে রাখব না। সে যেসব সৎ কাজ করেছে তার জন্যই সে বাঁচবে। দুষ্ট লোকের মরণে কি আমি খুশী হই? বরং সে যখন কুপথ থেকে ফিরে বাঁচে তখনই আমি খুশী হই।’’

অন্যত্র বলা হয়েছে: ‘‘(কি. মো.-০৬) আমি বিশ্বস্ততা চাই, পশু-কোরবানী নয়: পোড়ানো-কোরবানীর চেয়ে আমি চাই যেন মানুষ সত্যিকারভাবে আল্লাহ্‌কে চেনে।’’ (হোশেয় ৬/৬। মথি ৯/১৩ ও ১২/৭)

অন্যত্র বলা হয়েছে, আল্লাহর একত্বে বিশ্বাস করা, সকল মনপ্রাণ দিয়ে তাঁকে ভালবাসা এবং প্রতিবেশীকে নিজের মত ভালবাসা- সকল কাফ্ফারার চেয়ে অধিক শক্তিশালী এবং এরূপ বিশ্বাস ও কর্ম থাকলেই সে বেহেশতি। (মার্ক ১২/৩২-৩৪)

কিন্তু অন্যত্র বলা হয়েছে যে, রক্তপাত ছাড়া পাপমোচন হয় না: ‘‘রক্তসেচন (রক্তপাত) না হইলে পাপমোচন হয় না।’’ (ইব্রীয়: ৯/২২) পুনশ্চ: (রোমীয় ৪/২৫, ৫/১২, ১৪, ১০/৯; গালাতীয় ৩/১০-১৩; ইফিষীয় ১/৭; করিন্থীয় ১৫/২১-২২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন